

দৈনিক  
**জানকণ্ঠ**

**ভিসি ফায়েজের বিরুদ্ধে সাদা দলের  
 তথাকথিত খোলা চিঠি ॥  
 ক্যাম্পাস এলাকায় তোলপাড়**

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের বর্তমান উপাচার্য অধ্যাপক এসএমএ ফায়েজের বিরুদ্ধে দলীয়করণ ও ক্ষমতার অপব্যবহারের অভিযোগ তুলেছে খোদা বিএনপি সমর্থিত সাদা দলের শিক্ষকবৃন্দ। উপাচার্য, জামায়াত শিবিরচক্র ও কিছু সংরক্ষিত দলীয় সদস্যের ক্ষমতার অপব্যবহারসহ বিভিন্ন কারণে সাদা দল ধংস হতে চলেছে বলে তারা অভিযোগ করেছেন। এসব অভিযোগ তুলে এবং দলকে সংহত করার জন্য দুর্নীতিবাজ ও সুযোগ সফানীদের প্রতিহত করার আহ্বানে জানিয়ে সাদা দলের সদস্যদের প্রতি একটি খোলা চিঠি দেয়া হয়েছে।

'সাদা দলের জাণী ও সচেতন সদস্যবৃন্দের' নামে দেয়া এই খোলা চিঠি নিয়ে শনিবার ক্যাম্পাসে তোলপাড় শুরু হয়েছে। জানা গেছে, পাঁচ দফা ভাগ করে এই চিঠি লেখা হয়েছে। এর মধ্যে প্রথম দফায় রয়েছে, রাজশাহী ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মতো ঢাকা বিশ্ববিদ্যালয়েও ছাত্রদলকে হেনস্থা করে ছাত্র শিবিরকে প্রতিষ্ঠা করার লক্ষ্যে তিন চারটি হল ছাড়া সব জামায়াতী শিক্ষকদের প্রভোস্ট করা হয়েছে। একই দফায় উপাচার্যের বাসায় শিবির নেতাদের বৈঠকের কথা উল্লেখ করা হয়েছে। দ্বিতীয় দফায় বর্তমান উপাচার্য জামায়াত শিবির, নব্য সাদাদলীয় শিক্ষক ও

আওয়ামী লীগপন্থীদের যোগ্যতা ছাড়াই পদোন্নতি দিচ্ছেন বলে অভিযোগ করা হয়। পাশাপাশি বিএনপিপন্থীদের 'লিপ সার্ভিস' দিয়ে খুশি রাখার কথাও বলা হয়েছে। তৃতীয় পয়েন্টে উপাচার্যের জাতসারে একটি চক্র লাখ লাখ টাকার বিনিময়ে সকল নিয়ম ভঙ্গ করে এডহক নিয়োগ দিচ্ছে বলে উল্লেখ করা হয়েছে। চতুর্থ দফায় বলা হয়েছে কোন রকম যোগ্যতা ছাড়াই মন্ত্রী, এমপি ও ছাত্রদল নেতাদের ব্যবহার করে কিছু শিক্ষক অন্যায্য সুবিধা নিচ্ছে এবং দাপট দেখিয়ে আনৈতিক কাজে জড়িত হচ্ছে। সর্বশেষ দফায় বলা হয়েছে, জামায়াতী চক্রান্তের

শিকার হয়ে মুক্তিযোদ্ধা উপাচার্য অধ্যাপক আনোয়ার উল্লাহ চৌধুরী যেমন অপমানিত হয়ে চলে গেছেন, তেমনি বর্তমান উপাচার্যচক্র মূল বিএনপিপন্থী সাদা দলের শিক্ষকদের প্রতিনিয়ত অপমান করার চক্রান্তে লিপ্ত রয়েছে। এসব অভিযোগ এনে দলকে সংহত করার জন্য বিএনপি শিক্ষকদের প্রতি আহ্বান জানানো হয়। শনিবার এই চিঠিটি দেয়ার পর বিশ্ববিদ্যালয়ের শিক্ষক মহলে তোলপাড় শুরু হয়। অনেকে আশঙ্কা করছেন, সিপেট শাহজালাল ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের মতো ঢাকা বিশ্ববিদ্যালয়েও শিক্ষক আন্দোলন শুরু হতে পারে।

মুদ্রিতকালে: মাস . . . . .